গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৬৬.১/ ২০৭ তারিখ ঃ ৩০/০১/২০১৮ খ্রিঃ।

বিষয় : নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রাক্তন সহকারী কাম ষ্টোরকিপার জনাব মোঃ মোসলেম উদ্দিন আহম্মেদ এর ভুতাপেক্ষ অবসর প্রস্তুতি ছুটি ও ১২ মাসের এককালীন আর্থিক মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্রঃ ১। কারিগরি শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৬৬.১৭/১৭৫৬ তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ।
২। নীলফামারী টিএসসি এর স্মারক নং-৩৭.০৩.৭৩০০.০০৩.০১.০১০.১৬/১৪৬ তারিখঃ ১৮/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রাক্তন সহকারী কাম ষ্টোরকিপার জনাব মোঃ মোসলেম উদ্দিন আহম্মেদ এর ভুতাপেক্ষ অবসর প্রস্তুতি ছুটি ও ১২ মাসের এককালীন আর্থিক মঞ্জুরী জন্য প্রস্তাব পাওয়া যায়। উক্ত মঞ্জুরীর ক্ষেত্রে এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ ০৪/০১/১৯৫৩ এর প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

১। (ক) জনাব মোঃ মোসলেম উদ্দিন আহম্মেদ, প্রাক্তন সহকারী কাম ষ্টোরকিপার-কে বিগত ০৩/০১/২০১০ খ্রিঃ তারিখ হতে ভুতাপেক্ষ ভাবে অবসর গমনের অনুমতি প্রদান করা হয়েছে।

(খ) ০৪/০১/২০১০ খ্রিঃ তারিখ হতে ভুতাপেক্ষ অবসর প্রস্তুতি ছুটি ও ১২ মাসের এককালীন আর্থিক মঞ্জুরীর এবং ০৪/০১/২০১১ খ্রিঃ তারিখ হতে পূর্ণ অবসর (পেনশন) সংক্রান্ত প্রস্তাব প্রেরনের পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।

(গ) ০৪/০১/২০১১ খ্রিঃ তারিখ হতে উত্তোলিত বেতন ভাতাদি (যদি উত্তোলন করে থাকেন) তা নির্ধারন পূর্বক বছর ভিত্তিক বেতনের সার্বিক বিবরনী প্রস্তুত করত উত্তোলিত বেতন ভাতাদি আদায়ের ব্যবস্থা করা অথবা পেনশন বাবদ প্রাপ্য অর্থ হতে সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

(ঘ) এসএসসি সনদে উল্লিখিত জন্ম তারিখ যথাযথ ভাবে না লিখে ভুল তথ্য চাকুরী বহিতে লিপিবদ্ধ করার জন্য সংশ্লিষ্ট সহকারীকে সনাক্ত করে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হল।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পত্র জারি করা হল।

(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ
নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ
নীলফামারী।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৬৬.১৭/ ২০৭ তারিখ ঃ ৩০/০১/২০১৮ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

০১. পরিচালক (ভোকেশনাল/প্রশাসন/পি.আই.ইউ/পি.আই.ডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নীলফামারী।
০৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. জনাব মোঃ মোসলেম উদ্দিন আহম্মেদ, প্রাক্তন- সহকারী কাম ষ্টোরকিপার, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী।
০৬. সংরক্ষণ নথি।

২৮.০১.১৮

(বিমল কুমার মিশ্র)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২৮/১/১৮